



বাউবি/পরীক্ষা/এইচএসসি/১৩৪/৯৯/৪০৫

তারিখ: ১২/০২/২০১৮ খ্রি:

আঞ্চলিক পরিচালক
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
আঞ্চলিক কেন্দ্র (সকল)।

বিষয় : এইচএসসি পরীক্ষা-২০১৮ এর "পরীক্ষা কেন্দ্র পরিচালনা কমিটি" গঠন ও নীতিমালা মোতাবেক পরীক্ষা পরিচালনা সংক্রান্ত অন্যান্য বিষয়ে ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

জনাব,

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আপনার অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিচালিত এইচএসসি পরীক্ষা-২০১৮ আগামী ০২/০৩/২০১৮ খ্রিঃ তারিখ থেকে শুরু হবে। পরীক্ষার সময়সূচী ও কেন্দ্র তালিকা ইতোমধ্যে আপনার বরাবর প্রেরণ করা হয়েছে।

আপনার আঞ্চলিক কেন্দ্রাধীন সকল পরীক্ষা কেন্দ্রের জন্য "পরীক্ষা কেন্দ্র পরিচালনা কমিটি" গঠনের ব্যবস্থা গ্রহণকরতঃ সকল কেন্দ্রের গঠিত কেন্দ্র কমিটির তালিকা একত্র করে আগামী ২৪/০২/২০১৮ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে পৌঁছানোর ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল।

বাউবি'র এইচএসসি পরীক্ষা কেন্দ্র পরিচালনা কমিটি :

ক) বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিচালিত এইচএসএসসি প্রোগ্রামের পরীক্ষা পরিচালনার জন্য প্রতিটি কেন্দ্রে "পরীক্ষা কেন্দ্র পরিচালনা কমিটি" নামে একটি কমিটি থাকবে :

খ) পরীক্ষা কমিটির গঠন কাঠামো নিম্নরূপ :

(i)	সরকারি কলেজের ক্ষেত্রে সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ এবং বেসরকারি কলেজের ক্ষেত্রে জেলা সদরে জেলা প্রশাসক বা তাঁর মনোনীত প্রতিনিধি এবং উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা (সরকারি কলেজের ক্ষেত্রে পরীক্ষা কেন্দ্র পরিচালনা কমিটির সভাপতি উক্ত কমিটির ভারপ্রাপ্ত কর্মকর্তারও দায়িত্ব পালন করবেন)।	১ জন	সভাপতি
(ii)	অধ্যক্ষ/ভারপ্রাপ্ত কর্মকর্তা সরকারি কলেজের ক্ষেত্রে জেলা সদরে জেলা প্রশাসকের প্রতিনিধি (সহকারী কমিশনার পদমর্যাদার নিচে নয়) এবং উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা বা তাঁর মনোনীত প্রতিনিধি (সহকারী কমিশনার পদমর্যাদার নিচে নয়)।	১ জন/ ১ জন	ভারপ্রাপ্ত কর্মকর্তা
(iii)	বাউবি'র আঞ্চলিক কেন্দ্রের আওতাধীন পরীক্ষা কেন্দ্রসমূহের জন্য আঞ্চলিক পরিচালক বা তাঁর মনোনীত প্রতিনিধি হিসাবে উপ-আঞ্চলিক পরিচালক/সহকারী আঞ্চলিক পরিচালক এবং উপ-আঞ্চলিক কেন্দ্রের আওতাধীন পরীক্ষা কেন্দ্রসমূহের জন্য উপ-আঞ্চলিক কেন্দ্রের প্রধান।	১ জন	সদস্য
(iv)	ভারপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক মনোনীত সিনিয়র টিউটর	২ জন	সদস্য
		মোট	৫ জন

২। সরকারি কলেজে বাউবি'র এইচএসসি প্রোগ্রামের সমন্বয়কারী অধ্যক্ষ না হলে সেক্ষেত্রে সমন্বয়কারীকে টিউটর ক্যাটাগরীর ২জন সদস্যের ১জন হিসেবে কমিটিতে অন্তর্ভুক্ত করা যাবে।

৩। পরীক্ষা কেন্দ্র পরিচালনা কমিটি গঠন এবং পরীক্ষা সংক্রান্ত দাপ্তরিক কার্যাদি সম্পাদনের ক্ষেত্রে নিম্নবর্ণিত বিষয়গুলো অনুসরণীয় :

ক. টিউটর নয় এমন শিক্ষককে পরীক্ষা কমিটিতে রাখা যাবে না ;

খ. পরীক্ষা কেন্দ্র পরিচালনা কমিটি গঠনের ক্ষেত্রে প্রতিবার একই শিক্ষককে কমিটিতে অন্তর্ভুক্ত না করে পর্যায়ক্রমে সং, নিষ্ঠাবান ও দায়িত্বশীল টিউটরদের সদস্য হিসেবে কমিটিতে রাখা হয় সে বিষয়ে লক্ষ্য রাখার জন্য অনুরোধ জানানো হল ;

গ. কোন পরীক্ষার্থী নকল, মোবাইল ফোন, ব্যাগ ইত্যাদি নিয়ে যেন পরীক্ষা হলে ঢুকতে না পারে পরীক্ষা কেন্দ্র কর্তৃপক্ষকে তা নিশ্চিত করতে হবে ;

ঘ. প্রশাসনের সাথে যোগাযোগ করে প্রতি পরীক্ষার দিনে অন্ততঃ ১ জন ম্যাজিস্ট্রেট এর উপস্থিতির বিষয়টি সংশ্লিষ্ট আঞ্চলিক পরিচালকগণ নিশ্চিত করবেন এবং

ঙ. পরীক্ষার কাজে ৩য় ও ৪র্থ শ্রেণীর একই কর্মচারীকে প্রতিবছর সম্পৃক্ত করা যাবে না।

৪। এছাড়াও নীতিমালায় উল্লিখিত ক) পরীক্ষা কেন্দ্র পরিচালনা কমিটি ও তাঁর দায়িত্ব খ) ভারপ্রাপ্ত কর্মকর্তার দায়িত্ব ও কর্তব্য গ) পরীক্ষা কেন্দ্রের ব্যবস্থাপনা ঘ) ইনভিজিলেটর বা কক্ষ পরিদর্শকের দায়িত্ব ও কর্তব্য ঙ) পরীক্ষা কেন্দ্রে বিশেষ পরিদর্শক নিয়োগ এবং তাদের দায়িত্ব ও কর্তব্য চ) পরীক্ষা কেন্দ্রে বহিঃ পরিদর্শক নিয়োগ এবং তাদের দায়িত্ব ও কর্তব্য ছ) পরীক্ষা কেন্দ্রের আইন শৃংখলা ও নিরাপত্তা জ) পরীক্ষা সংক্রান্ত অপরাধ ও শাস্তিমূলক ব্যবস্থা ঝ) কারাবন্দি শিক্ষার্থীর পরীক্ষা গ্রহণ ঞ) শ্রুতি লেখক নিয়োগ ট) সেভেঙ্ক-ডে এ্যাডভেঞ্চারি স্ট্রীটীয়ান সম্প্রদায়ের পরীক্ষা গ্রহণ এবং ঠ) পরীক্ষা নিয়ন্ত্রকের নিকট উত্তরপত্র ও অন্যান্য কাগজপত্র প্রেরণসহ সংশ্লিষ্ট বিষয়ে সম্পৃক্ত ব্যক্তি ও প্রতিষ্ঠানকে অবহিতকরণসহ তা যথাযথভাবে পালনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হ'ল।

৫। উল্লিখিত শর্তগুলো পূরণপূর্বক আপনার আঞ্চলিক কেন্দ্রের আওতাধীন পরীক্ষা কেন্দ্রসমূহের পরীক্ষা সুষ্ঠুভাবে পরিচালনার জন্য আগামী ২৪/০২/২০১৮ইং তারিখের মধ্যে বর্ণনা মোতাবেক কমিটি গঠনের জন্য কেন্দ্রের অধ্যক্ষ/ভারপ্রাপ্ত কর্মকর্তার সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হ'ল।

২২/২/১৮
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় কম্পিউটার বিভাগ সিস্টেম ম্যানেজার/পরিচালক এর কার্যালয়	
তারিখ: ১২/০২/১৮	
তারিখ: ১২/০২/১৮	
সিস্টেম ম্যানেজার/পরিচালক	
সহ সিস্টেম ম্যানেজার/পরিচালক	
প্রশাসনিক কর্মকর্তা/সহ প্রশাসনিক (BIMS)	

অবগতি ও কার্যার্থে অনুলিপি :

১। ডীন, ওপেন স্কুল, বাউবি।

২। পরিচালক, এসএসএস বিভাগ, বাউবি।

৩। সিস্টেম ম্যানেজার (পরিচালক), কম্পিউটার বিভাগ, বাউবি (পত্রটি বাউবি'র ওয়েব সাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হ'ল)।

৪। উপ-আঞ্চলিক পরিচালক/সহকারী আঞ্চলিক পরিচালক/উপ-আঞ্চলিক কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা, উপ-আঞ্চলিক কেন্দ্র, বাউবি।

৫। অধ্যক্ষ/ভারপ্রাপ্ত কর্মকর্তা (প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ জানানো হ'ল)।

৬। একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি - (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৭। সহকারী পরিচালক, প্রো-উপাচার্যের দপ্তর, বাউবি - (প্রো-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৮। সংরক্ষণ নথি।